

## আগমনকারী যাত্রীদের জন্য উল্লেখযোগ্য বিষয়

- 25 মে 2021-এ শেষ আপডেট করা
- সাম্প্রতিক তথ্যের জন্য এখানে দেখুন:  
<https://www.coronavirus.gov.hk/eng/inbound-travel.html>
- সমস্ত আগমনকারী যাত্রীদের হেলথ ডিক্লেয়ারেশন ফর্ম জমা দিতে হবে।
- হংকং-এ আগমনকারী ব্যক্তিদের জন্য(হংকং-এ ফিরছেন এমন হংকং বাসীদের জন্যও) যারা "ভ্যাকসিন বাবল" ধারণার অধীনে তাদের COVID-19 ভ্যাকসিনেশন কোর্স সম্পূর্ণ করেছে, তাদের জন্য সরকার যাতায়াত, কোয়ারেন্টাইন ও পরীক্ষার ব্যবস্থা করেছে। বিশদ জানতে সংক্ষিপ্ত সহায়িকা দেখুন:  
[https://www.coronavirus.gov.hk/pdf/concise\\_guide\\_vaccinated\\_travellers\\_ENG.pdf](https://www.coronavirus.gov.hk/pdf/concise_guide_vaccinated_travellers_ENG.pdf)
- সংশ্লিষ্ট কোয়ারেন্টাইন হোটেলের তথ্যের জন্য এখানে দেখুন:  
<https://www.coronavirus.gov.hk/eng/designated-hotel.html>

হংকং-এ আগমনকারী ব্যক্তিদের উপর প্রযোজ্য যাতায়াত ও কোয়ারেন্টাইনের বিধি নির্ভর করছে:

1. হংকং-এ আসার জন্য গাড়ি ধরার দিন/পৌঁছানোর দিন, বা তার 21 দিন আগে অন্দি সেই ব্যক্তি কোথায় কোথায় থেকেছে
2. হংকং-এ আগমনকারী ব্যক্তির ভ্যাকসিনেশন সম্পূর্ণ হয়েছে কিনা
  - কোন ব্যক্তি COVID-19 ভ্যাকসিনেশনের কোর্স সম্পূর্ণ করার পর 14-তম দিন গোনা হবে সংশ্লিষ্ট ব্যক্তি উপদিষ্ট COVID-19 ভ্যাকসিনের সমস্ত ডোজ নেওয়ার পরের দিনকে 1-ম দিন হিসাবে ধরে। উদাহরণস্বরূপ, যে ব্যক্তি আগে COVID-19 সংক্রামিত হয়নি এবং COVID-19 ভ্যাকসিনের উপদিষ্ট শেষ ডোজ নিয়েছে 10 মে 2021 তারিখে, সেক্ষেত্রে 11 মে "1-ম দিন" হবে এবং 24-মে "14-তম দিন" হিসাবে গণ্য হবে। এই ব্যক্তিকে 24 মে থেকে "সম্পূর্ণ ভাবে ভ্যাকসিনেটেড" গণ্য করা হবে।
  - হংকং-এ আগমনকারী ব্যক্তিদের মধ্যে যাঁরা হংকং-এর বাইরে ভ্যাকসিন নিয়েছেন, তাঁদের ক্ষেত্রে হংকং-এ ইতিমধ্যে ব্যবহারের জন্য স্বীকৃত COVID-19 ভ্যাকসিনগুলি ছাড়া নীচের তালিকায় উল্লিখিত অন্যান্য ভ্যাকসিনগুলিও স্বীকৃত হবে:  
[https://www.coronavirus.gov.hk/pdf/list\\_of\\_recognised\\_covid19\\_vaccines.pdf](https://www.coronavirus.gov.hk/pdf/list_of_recognised_covid19_vaccines.pdf)

**হোটেলের ঘর বুকিং-এর** জন্য প্রযোজ্য নথিতে নিম্নলিখিত বিষয়গুলির উল্লেখ থাকতে হবে:

1. ইংরেজি বা চীনা ভাষায় সংশ্লিষ্ট যাত্রীর হংকং-এ আসার দিন থেকে শুরু করে প্রযোজ্য সময়সীমা অন্দি নির্দিষ্ট কোয়ারেন্টাইন হোটলে ঘর বুকিংয়ের স্বীকৃতি।

**COVID-19 নিউক্লেয়িক অ্যাসিড টেস্টের নেগেটিভ রেজাল্ট প্রমাণের** ক্ষেত্রে তা বিমান ছাড়ার নির্ধারিত সময়ের 72 ঘন্টা আগে হতে হবে, প্রযোজ্য নথিতে নিম্নোক্ত বিষয়গুলির উল্লেখ থাকতে হবে:

1. ইংরেজি বা চীনা ভাষায় একটি ল্যাবরেটরি বা স্বাস্থ্য সংস্থার একটি পরীক্ষার রিপোর্ট যাতে সংশ্লিষ্ট যাত্রীর নাম থাকবে যে নাম তার বৈধ যাত্রার নথির সঙ্গে সমান হবে, যাতে দেখানো হবে:

- a. সংশ্লিষ্ট যাত্রী COVID-19 নিউক্লিয়িক অ্যাসিড টেস্ট করিয়েছেন, যার নমুনা বিমান ছাড়ার নির্ধারিত সময়ের 72 ঘন্টা আগে নেওয়া হয়েছে;
  - b. নমুনার উপর COVID-19 নিউক্লিয়িক অ্যাসিড টেস্ট করা হয়েছে; এবং
  - c. পরীক্ষার ফল হল সংশ্লিষ্ট যাত্রী COVID-19 নেগেটিভ; এবং
2. সংশ্লিষ্ট রিপোর্ট যদি ইংরেজি বা চীনা ভাষায় না হয় অথবা উপরোক্ত সমস্ত তথ্য যদি না থাকে তাহলে ল্যাবরেটরি বা স্বাস্থ্য সংস্থাকে একটি লিখিত স্বীকৃতিপত্র দিতে হবে যেখানে সংশ্লিষ্ট যাত্রীর নাম থাকবে, যা তার বৈধ যাত্রার নথির সমান এবং সেখানে উপরোক্ত সমস্ত তথ্য ইংরেজি বা চীনা ভাষায় দেওয়া থাকবে। উল্লিখিত লিখিত স্বীকৃতিপত্রটি টেস্টের রিপোর্টের সঙ্গে দিতে হবে; এবং
  3. ইংরেজি বা চীনা ভাষায় একটি প্রমাণপত্র দিতে হবে যে সংশ্লিষ্ট ল্যাবরেটরি স্বাস্থ্য সংস্থা ISO 15189 প্রাপ্ত বা যে জায়গায় ল্যাবরেটরি বা স্বাস্থ্য সংস্থা টি অবস্থিত সেখানকার সরকারি কর্তৃপক্ষের দ্বারা মান্য বা স্বীকৃত; এবং

সংশ্লিষ্ট ভ্যাকসিনেটেড যাত্রীদের নিম্নোক্ত নথি **ভ্যাকসিনেশনের প্রমাণ** হিসাবে দেখাতে হবে:

1. একটি স্বাস্থ্য সংস্থা বা যেখানে ভ্যাকসিন দেওয়া হয়েছে সেই স্থানের সরকারি কর্তৃপক্ষের দ্বারা ইংরেজি বা চীনা ভাষায় ভ্যাকসিনেশন রেকর্ড, যেখানে সংশ্লিষ্ট যাত্রীর নাম থাকবে, যা তার বৈধ যাত্রার নথির সমান, যাতে দেখানো হবে:
  - a. সংশ্লিষ্ট ভ্যাকসিনেটেড যাত্রী COVID-19 ভ্যাকসিনের ডোজ(গুলি) নিয়েছে এবং ভ্যাকসিন গ্রহণের তারিখ(গুলি); এবং
  - b. প্রদত্ত ভ্যাকসিনের নাম; এবং
2. সংশ্লিষ্ট ভ্যাকসিনেশন রেকর্ড যদি ইংরেজি বা চীনা ভাষায় না হয় অথবা উপরোক্ত সমস্ত তথ্য যদি না থাকে তাহলে স্বাস্থ্য সংস্থা বা যেখানে ভ্যাকসিন দেওয়া হয়েছে সেই স্থানের সরকারি কর্তৃপক্ষের একটি লিখিত স্বীকৃতিপত্র দিতে হবে, যেখানে সংশ্লিষ্ট যাত্রীর নাম থাকবে, যা তার বৈধ যাত্রার নথির সমান এবং সেখানে উপরোক্ত সমস্ত তথ্য ইংরেজি বা চীনা ভাষায় দেওয়া থাকবে। উল্লিখিত লিখিত স্বীকৃতিপত্রটি ভ্যাকসিনেশন রেকর্ডের সঙ্গে দিতে হবে।